



**বাংলাদেশ কৃষি ব্যাংক**  
**মুখ্য আঞ্চলিক কার্যালয়**  
**পশ্চিম মেডডা, ব্রাহ্মণবাড়িয়া।**

পরিবেশ বান্ধব ব্যাংকিং কর্মসূল  
ফোনঃ ০৮৫১৫৮১২২/০৮৫১৫৮১৯০  
ফ্যাক্সঃ ০৮৫১৫৮৩১২  
ই-মেইলঃ crmbbaria@krishibank.org.bd

নং-মুঠআংকাত্ত্বাঃ/প্রশা-১/২০২০-২০২১/২২৫২

তারিখঃ ৩০-০১-২০২১ খ্রি

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল উন্নয়ন চর্চার তালিকা।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আলোকে আবশ্যিকভাবে সকল শাখা  
সমূহের প্রতিপালনযোগ্য উন্নয়ন চর্চার তালিকাঃ

০১. সম্প্রতি করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারনে তা রোধকল্পে অফিসের সকল  
কর্মকর্তা/কর্মচারীদের মাস্ক পরিধান করতে হবে। কোন কিছু স্পর্শ করার পর হাত ভালোভাবে  
পরিষ্কারকরতে হবে অথবা স্যানিটাইজার লাগাতে হবে।
০২. দাঙ্গরিক কাজকর্মে স্বচ্ছতা আনয়নে কর্মকর্তাবৃন্দের ছুটিকালীন সময়ে যেন দাঙ্গরিক কাজকর্ম  
ব্যাহত না হয় সে কারনে কর্মরত সকল কর্মকর্তার প্রতিকল্প কর্মকর্তা সুনির্দিষ্ট করতে হবে।
০৩. যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ না করা।  
যে কোন জরুরী কাজের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ না করা।
০৪. উর্ধ্বর্তন কর্মকর্তাদের যথাযোগ্য সম্মান প্রদর্শন করা।
০৫. অধিনস্থ কর্মকর্তা/কর্মচারীদের সাথে সৌজন্যমূলক আচরণ করা।
০৬. সেবা গ্রহীতাদের দ্রুত সেবা প্রদান করা ও তাদের সাথে সৌজন্যমূলক আচরণ করা।
০৭. নিজের উপর অর্পিত দাঙ্গরিক দায়িত্ব দ্রুত, যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্ন করা।
০৮. অফিস কক্ষ ত্যাগ করার সময় বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ করা এবং পানির অপচয় রোধ করা।
০৯. অফিস আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও অফিস কক্ষ সুসজ্জিত রাখা।
১০. দুর্নীতির বিরুদ্ধে নিজে সচেতন থাকা এবং অপরকে সচেতন করা।
১১. মনোহারী দ্রব্যাদি ব্যবহারে পরিমিতি প্রদর্শন করা।
১২. নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার ক্ষেত্রে নিয়োজিত প্রহরী/বেসরকারী নিরাপত্তা প্রহরীদের মধ্যে  
অফিস আদেশ এর মাধ্যমে ছুটির দিনসহ অন্যান্য সময়ের জন্য সুনির্দিষ্টভাবে দায়িত্ব বন্টন করে  
দেয়া।
১৩. সেবা গ্রহীতা/দর্শনার্থীদের অফিসে আগমনের কারণ রেজিষ্ট্রেশনে লিপিবদ্ধ করা।

অনুমোদনগ্রহণঃ

আপনার বিশ্বাস  
(মুহাম্মদ নাদির হোসাইন)  
মুখ্য কর্মকর্তা